ঢাকা ওয়াসা

১) ২০২৬-২৭ অর্থ-বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।
২) প্রস্তাবিত কাজের সিস্টেম ম্যাপ।
৩) পূর্বানুমোদিত দরের কপি।
৪) ক্যালকুলেশন।
৫) প্রাক্কলন।

বিষয়: **Mass Cleaning of sewer line & manhole at Kolabagan 1st lane, Kolabagan 2nd lane, North Dhanmondi, Lake circus Kolabagan, and All-Amin road area under MODS Zone-3, Dhaka WASA.**

০১) উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-৩ এর আওতাধীনে কলাবাগান , উত্তর ধানমন্ডি, লেক সার্কাস, ডর্লফিন গলি, লাল ফকিরের গলি, আল-আমিন রোড এলাকায় ঢাকা ওয়াসার পয়:লাইন বিদ্যমান রয়েছে। উক্ত পয়ঃ লাইন দ্বারা সংশ্লিষ্ট এলাকার গ্রাহকগণের পয়ঃ বর্জ্য অপসারিত হয়। পয়ঃ সেবা প্রদানের মাধ্যমে ঢাকা ওয়াসার বিপুল পরিমাণ রাজস্ব আয় হয়। বর্ণিত এলাকার পয়ঃলাইন সমূহ দীর্ঘ দিনের পুরাতন এবং জরাজীর্ণ অবস্থায় আছে। ফলে উক্ত এলাকা হতে প্রায়ই সুয়্যার ওভার-ফ্লো এর অভিযোগ আসে। এতে গ্রাহক অসন্তুষ্টিসহ পরিবেশ দূষিত হওয়ার পার্শাপাশি মারাত্বক জনস্বাস্থ্য বিঘ্নিত হবার সম্ভাবনা তৈরী হয়। সঠিক পয়ঃ প্রবাহ বজায় রাখা, পরিবেশ দূষন রোধ ও ঢাকা ওয়াসার ভাবমূর্তি রক্ষার্থে জরুরী ভিত্তিতে স্যুয়ার লাইন ও ম্যানহোল সমূহে মাস্ ক্লিনিং কাজ করা প্রয়োজন।

০২) উপরিউক্ত বর্ণনার আলোকে বর্ণিত এলাকায় বিদ্যমান পয়ঃলাইন মাস ক্লিনিং কাজে প্রয়োজনীয় সংখ্যক স্যুয়ার ক্লিনার নিয়োজিত করার জন্য ঢাকা ওয়াসার পূর্ব অনুমোদিত দর (কপি সংযুক্ত ক্রঃ নং-৩) অনুযায়ী একটি প্রাক্কলন তৈরী করা হয়েছে । যাতে মোট ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে **৳ ৩,৯৩,৬০০/- (তিন লক্ষ তিরানব্বই হাজার ছয়শত)** টাকা মাত্র (সংযুক্ত ক্রঃ নং-৫ দ্রঃ)। কাজটি পিপিআর-২০২৫ এর বিধি ১০১(১)মোতাবেক Force Account অনুসরনে বাস্তবায়ন করা যেতে পারে। উক্ত কাজ শেষে ব্যয়কৃত টাকা অনুমোদিত ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে। কাজের ব্যয়ভার অত্র মডস জোনের ২০২৬-২৭ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার পয়ঃ লাইন রক্ষনাবেক্ষণ (বাজেট কোড নং-01-04-002) খাত এর থোক বরাদ্দ ক্রমিক নং B-20(16) হতে নির্বাহ করা যেতে পারে। আলোচ্য কাজের আর্থিক ও প্রশাসনিক অনুমোদন ক্ষমতা **"ব্যবস্থাপনা পরিচালক"** মহোদয়ের আওতাধীন।

০৩) এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে **"Mass Cleaning of sewer line & manhole at Kolabagan 1st lane, Kolabagan 2nd lane, North Dhanmondi, Lake circus Kolabagan, and All-Amin road area under MODS Zone-3, Dhaka WASA.."** শীর্ষক কাজটি বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ

ক) উল্লিখিত মাস ক্লিনিং কাজটি সম্পাদনের জন্য সর্বমোট **৳ ৩,৯৩,৬০০/- (তিন লক্ষ তিরানব্বই হাজার ছয়শত)** টাকার প্রাক্কলনটি অনুমোদন;

খ) আলোচ্য কাজটি পিপিআর-২০২৫ এর বিধি ১০১(১) মোতাবেক Force Account অনুসরনে বাস্তবায়নের অনুমোদন এবং

১৫২

গ) আলোচ্য কাজের ব্যয়ভার অত্র জোনের ২০২৬-২৭ অর্থবছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার **"পয়ঃ লাইন রক্ষনাবেক্ষণ"** (বাজেট কোড নং-01-04-002) খাত এর থোক বরাদ্দ ক্রমিক নং B-20(16) হতে নির্বাহ করার অনুমোদন।

উপস্থাপিত প্রস্তাব সমূহ **"ব্যবস্থাপনা পরিচালক"** মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

AE

EE

03.09.26
অশোক কুমার হালদার
উপ-সহকারী প্রকৌশলী
মড্স জোন-৩, ঢাকা ওয়াসা।

3.9.26
মিলন মজুমদার
সহকারী প্রকৌশলী
মড্স জোন-৩, ঢাকা ওয়াসা।

০৩।৭।26
সালেহ মোহাম্মদ তাওসিফ
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
মড্স জোন-৩, ঢাকা ওয়াসা।

SE, MODS CIR-1.

মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মড্স সার্কেল-১, ঢাকা ওয়াসা।

2021
আলমগীর হাছিন আহমেদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

CE

SE MODS-1

DMD (O&M)

29/09/2026
মির্জা গোলাম কিবরিয়া
উপ-ব্যবস্থাপনা পরিচালক
পরিচালন ও রক্ষণাবেক্ষণ (অঃদাঃ)
ঢাকা ওয়াসা।

৩০।৯।২৬
MD

ড. মুহা. মনিরুজ্জামান
ব্যবস্থাপনা পরিচালক
(অতিরিক্ত সচিব)
ঢাকা ওয়াসা।

DMD